

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০৩

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আংটির বর্ণনা

আরবী

وَعَن أُخْت لِحُذَيْفَة أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَا مَعْشَرَ النِّسَاءِ أَمَا لَكُنَّ فِي الْفِضَّةِ مَا تُحَلَّيْنَ بِهِ؟ أَمَا إِنَّهُ لَيْسَ مِنْكُنَّ امْرَأَةٌ تُحَلَّى ذَهَبًا تُظْهِرُهُ إِلَّا عُذَبَتْ بِهِ» . رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيِّ

বাংলা

88০৩-[২১] হুযায়ফাহ্ (রাঃ)-এর ভগ্নি হতে বর্ণিত। একদিন রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে মহিলা সম্প্রদায়! তোমাদের জন্য এটা কি যথেষ্ট নয় যে, তোমরা কেবলমাত্র রূপার দ্বারা অলঙ্কার তৈরি করবে? সাবধান! তোমাদের যে মহিলা সোনার অলঙ্কার প্রস্তুত করবে এবং তা বেগানা পুরুষদের মধ্যে প্রকাশ করে বেড়াবে, তজ্জন্য তাকে কঠোর শাস্তি দেয়া হবে। (আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪২৩৭, নাসায়ী ৫১৩৭, ৫১৩৮, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০০৮, ২০০৮৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৭৮০৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "রিব্'ঈ ইবনু হিরাশ''-এর স্ত্রীর পরিচয় পাওয়া যায় না। দেখুন-তাহকীক মুসনাদে আহমাদ ২৩৪২৮, তাহকীক দারিমী- হুসায়ন সুলায়ম আসাদ : ২৬৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নারীদের জন্য স্বর্ণ ব্যবহার তখনই নিন্দনীয় যখন তা বেগানা মানুষের সামনে প্রকাশ করবে ও তা' পরিধানের মাধ্যমে আত্ম-অহংকার প্রকাশ করবে। আর এক্ষেত্রে রৌপ্য স্বর্ণের মতই। মূল কথা হলো, নারীদের অলংকার লোকচক্ষুর সামনে প্রকাশ না করার প্রতি এটা একটি ধমক। নারীদের স্বর্ণের অলংকার পড়ে তা মানুষের সামনে প্রকাশ করলে এটা পরিধান করাই হারাম। এ কারণে সূয়ৃত্বী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ নবী



সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী, "নিশ্চয় স্বর্ণ এবং রৌপ্য এ দু'টি আমার উম্মাতের পুরুষদের জন্য হারাম করা হয়েছে এবং নারীদের জন্য হালাল করা হয়েছে।" (শারহুন নাসায়ী ৪র্থ খন্ড, হাঃ ৫১৫২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন